FEB 22 2001

দৈনিক জনকণ্ঠ

কলাম

# বেসরকারী শিক্ষক-কর্মচারীদের দশ ভাগ বর্ধিত বেতন প্রদানের ঘোষণায় অভিনন্দন

**স্টাফ রিপোর্টার ॥** বেসরকারী শিক্ষক-কর্মচারীদের শতকরা ১০ ভাগ বর্ধিত বেতন ২০০১ সালের মে মাস থেকে প্রদানের ঘোষণায় বিভিন্ন শিক্ষক সংগঠন সরকারকে অভিনন্দন জানিয়েছে। এসব সংগঠন শিক্ষকদের পেশাগত অন্যান্য দাবি মেনে নেয়ার জন্য সরকারের প্রতি অনুরোধ রেখেছে।

বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ ম. আখতারুজ্জামান ও সাধারণ সম্পাদক অধ্যক্ষ মোঃ শাহজাহান এক বিবৃতিতে সরকারকে অভিনন্দন জানানোর পাশাপাশি বেসরকারী কলেজে সহকারী অধ্যাপক পদে পদোন্নতির ক্ষেত্রে অনুপাত প্রথা বাতিল এবং সহযোগী অধ্যাপক ও অধ্যাপক পদ সৃষ্টির দাবি জানান।

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ আজিজুল ইসলাম ও সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ এক বিবৃতিতে শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে বলেন, পেশাগত দৃঢ় সাংগঠনিক অবস্থানের কারণে যুক্তিসঙ্গত এই দাবি পূরণ হয়েছে।

শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী অধ্যক্ষ এম. শরীফুল ইসলাম, সমন্বয়কারী মোঃ সেলিম ভুঁইয়া, আহ্বায়ক মাওলানা এমএ লতিফ এবং যুগ্ম আহ্বায়ক অধ্যক্ষ মোহাম্মদ মাযহারুল হান্নান ও শফিকুল আলম এক বিবৃতিতে বলেন, আরও আগেই এ ঘোষণা শিক্ষক সমাজ প্রত্যাশা করেছিল। তাঁরা জোটের অন্য দাবিসমূহ মেনে নেয়ার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।